

# বুলবুল একাডেমি অব ফাইন আর্টস (বাফা)

## বাঁশী সিলেবাস

### প্রথম বর্ষ

#### তত্ত্বীয়:

১. বাঁশী (ঝাঁপু) বাদ্যযন্ত্রটির ইতিহাস।
  ২. চিত্র অংকনের মাধ্যমে বাঁশীর অবয়ব পরিচিতি। চিত্রসহ বাঁশীর বিভিন্ন অংশের বর্ণনা। বাঁশীর প্রকারভেদ, সঠিক বাঁশীর বিবরণ। চিত্রের সাহায্যে বাঁশীর শুদ্ধস্বর ও বিকৃতস্বর নির্ণয়।
  ৩. স্বর পরিচিতি : শাস্ত্রীয় স্বরনাম, সংক্ষিপ্ত স্বরনাম, বিকৃত, কোমল/মৃদু, কড়ি/তীব্র, স্বরচিহ্ন, স্বরলিপি, অনুকোমল, অতিকোমল।
  ৪. সপ্তক পরিচিতি : মন্দ্র/উদারা, মধ্য/মুদারা, তার/তারা, অকটেভ/অঞ্চল, অতিমন্দ্র, অতিতার।
  ৫. গৎ/তুক/বন্দিশের অবয়ব পরিচিতি : স্থায়ী, অন্তরা, সঞ্চরী, আভোগ।
  ৬. সংজ্ঞা ও টিকা : শ্রুতি, নাদ/ধ্বনি, তাল, লয়, ছন্দ, তান, পাল্টা।
  ৭. সঙ্গীত বিষয়ক পরিচিতি : গীত, বাদ্য/যন্ত্রসঙ্গীত, নৃত্য।
  ৮. রাগ পরিচিতি : বিলাবল, খাম্বাজ, কাফি, আসাবরী, ভৈরবী।
  ৯. তাল পরিচিতি : ত্রিতাল, কাহারবা, দাদরা, তেওড়া ও রূপক
  ১০. স্বরলিপি পদ্ধতি পরিচিতি : আকারমাত্রিক।
- বাদ্যযন্ত্রের পরিচিতি : তবলা-বায়া, তানপুরা।
১১. জীবনী :
১২. পাঠ্যক্রমের ক্রিয়াত্মক অংশের অন্তর্ভুক্ত বিষয়গুলি লিখন।

#### ক্রিয়াত্মক:

\*বাঁশী ধরার কৌশল।

\*প্রথম বর্ষের পাঠ্যক্রমভুক্ত বিভিন্ন তালে একগুণ, দ্বিগুণ ও চৌগুণে বিলাবল, খাম্বাজ, কাফি, আসাবরী, ভৈরবী রাগে ২০টি পাল্টা/ সরগম বাঁশীতে বাজানো।

\*বিলাবল, খাম্বাজ, কাফি, আসাবরী ও ভৈরবী রাগে ত্রিতাল বা অন্য কোন তালে একটি করে গৎ বা সার্গামগীত ও তার সঙ্গে কিছু তান বাজানো।

\*ত্রিতাল, বাঁপতাল, কাহারবা, দাদরা, তেওড়া ও রূপক তালের মাত্রা, বোলবাণী, আঘাত, অনাঘাত ইত্যাদি সহযোগে হাতে তালি দিয়ে অভ্যাস।